

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৯৬৪  
তেলিয়ামুড়া, ০২ নভেম্বর, ২০২৩

**বিকশিত ভারত সংকল্প যাত্রা  
মাইগঙ্গা উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে সুশাসন শিবির**

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে তেলিয়ামুড়া ব্লকের মাইগঙ্গা সুকান্ত উচ্চমাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে সম্প্রতি ২ দিনব্যাপী সুশাসন শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা। এছাড়া উপস্থিত ছিলেন খোয়াই জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রন, তেলিয়ামুড়া ব্লকের বিডিও দেবপ্রিয়া দাস সহ অন্যান্য দপ্তরের আধিকারিকগণ। ব্লকের অন্তর্গত দক্ষিণ কৃষ্ণপুর, মাইগঙ্গা, মধ্য কৃষ্ণপুর এবং উত্তর কৃষ্ণপুর এই ৪টি গ্রামপঞ্চায়েতকে নিয়ে এই শিবির অনুষ্ঠিত হয়। জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা শিবিরে বক্তব্য রাখতে গিয়ে বলেন, সরকারের বিভিন্ন প্রকল্পের সুযোগ সুবিধা জনগণের কাছে পৌঁছে দেওয়ার লক্ষ্যেই এই সব শিবিরের আয়োজন করা হচ্ছে। শিবিরে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ২৪০টি পিআরটিসি, ২৬১টি এসসি, ৭৪টি ওবিসি ও ৪৯টি বিবাহ নিবন্ধীকরণ, ২৪টি ইনকাম সার্টিফিকেটের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। শিবিরে ১১২ জনের স্বাস্থ্য পরিক্ষা করে বিনামূল্যের ঔষধ বিতরণ করা হয়। শিবিরে উপস্থিত ছিলেন সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের প্রধান ও উপ-প্রধানগণ।

\*\*\*\*\*